



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-২১৩/ ৬৫৭/৪

তারিখঃ ০৪.০২.২০১৮খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- ০৫.৫৫.৮৫৪৯.০০৩.০৭.০১২.১৮-৭৮; তারিখঃ ২৪ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার সদর উপজেলাধীন মমিনপুরহাট দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক মোঃ জাহিদুল ইসলাম এবং নৈশ প্রহরী মোঃ সাজা মিয়া কর্তৃক ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ফরম ফিলাপের খরচ বাবদ ০৩ (তিন) জন শিক্ষার্থীর নিকট থেকে ৬,০০০/- টাকা গ্রহণ করে ফরম ফিলাপ না করানোর বিষয়ে অভিভাবক আলহাজ্ব মোঃ আশরাফ আলী ও মোঃ সামসুল আলম উপজেলা নির্বাহী অফিসার, সদর, রংপুর এর নিকট অভিযোগ দাখিল করেন।

অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, রংপুর এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করা হয়েছে। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ০৩ (তিন) জন শিক্ষার্থীর নিকট থেকে ৬,০০০/- টাকা গ্রহণ করে ফরম ফিলাপ না করানোর অভিযোগ সঠিক প্রমানিত হয়েছে এবং এরূপ ঘটনার জন্য সুপার, সহকারী শিক্ষক মোঃ জাহিদুল ইসলাম এবং নৈশ প্রহরী মোঃ সাজা মিয়া দায়ী মর্মে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় ০৩ (তিন) জন শিক্ষার্থীর নিকট থেকে ৬,০০০/- টাকা গ্রহণ করে ফরম ফিলাপ না করানোর কারণে কেন সুপার, সহকারী শিক্ষক মোঃ জাহিদুল ইসলাম এবং নৈশ প্রহরী মোঃ সাজা মিয়া এর বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে সুপারিশ করা হবে না তার সন্তোষজনক লিখিত জবাব আগামী ০৭ (সাত) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সুপার, মমিনপুরহাট দাখিল মাদ্রাসা, সদর, রংপুর।

২) জনাব মোঃ জাহিদুল ইসলাম, সহকারী শিক্ষক, মমিনপুরহাট দাখিল মাদ্রাসা, সদর, রংপুর।

৩) জনাব মোঃ সাজা মিয়া, নৈশ প্রহরী, মমিনপুরহাট দাখিল মাদ্রাসা, সদর, রংপুর।

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-২১৩/ ৬৫৭/৪

তারিখঃ ০৪.০২.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, রংপুর
৪. সভাপতি, মমিনপুরহাট দাখিল মাদ্রাসা, সদর, রংপুর।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

০৪/০২/১৮